

সমকাল

ক্লাস বর্জন করে ম্যাটস শিক্ষার্থীদের বিক্ষোভ

প্রকাশ: ৩০ আগস্ট ২৩ | ০০:০০ | প্রিন্ট সংস্করণ

কুমিল্লা প্রতিনিধি



ক্লাস বর্জন করে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন কুমিল্লা মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুলের (ম্যাটস) শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত নগরীর কান্দিরপাড়া এলাকায় এ কর্মসূচি পালন করা হয়। হাতে শিকল ও চোখমুখে কালো কাপড় বেঁধে চার দফা দাবিতে অনিদিষ্টকালের জন্য এ কর্মসূচি পালন করছেন তারা।

শিক্ষার্থীদের দাবিগুলোর মধ্যে রয়েছে অবিলম্বে ইন্টার্নশিপ বহাল রেখে অসংগতিপূর্ণ কোর্স কারিকুলাম সংশোধন, অ্যালাইড বোর্ড বাতিল করে ‘মেডিকেল এডুকেশন বোর্ড অব বাংলাদেশ’ নামে স্বতন্ত্র বোর্ড গঠন, কর্মসংস্থান সৃজন ও নিয়োগ, বঙ্গবন্ধুর পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী ম্যাটস শিক্ষার্থীদের উচ্চশিক্ষার সুযোগ প্রদান। এসব দাবিতে গত ১৩ আগস্ট থেকে ক্লাস বর্জন করে আন্দোলন করছেন কুমিল্লার ম্যাটসের শিক্ষার্থীরা।

আন্দোলনকারী শিক্ষার্থীরা জানান, দাবি আদায় না হওয়া পর্যন্ত ক্লাসে ফিরবেন না। দাবিগুলো বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন তারা।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com